**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, এখন পর্যন্ত দুবাই, কাতার ও ওমানে ৭৩ মেট্রিকটনেরও বেশি আনারস রপ্তানি করা হয়েছে।**

**(২) সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেছেন ত্রিপুরায় সুস্থায়ী কৃষি উন্নয়ন এবং গ্রামীণ সমৃদ্ধি বৃদ্ধিতে নাবার্ড গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ষোড়শ রোজগার মেলায় ৫১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরন করেন |**

**(৪) আগরতলায় বিশেষ লোক আদালতে আজ ৩৭৯৯টি মামলার নিষ্পত্তি হয়েছে।**

****************************************

**Pineapple Festival :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, ২০১৮–১৯ অর্থবর্ষ থেকে ২০২৪–২৫ অর্থবর্ষ পর্যন্ত দুবাই, কাতার ও ওমানে ৭৩ দশমিক এক পাঁচ মেট্রিকটন আনারস রপ্তানি করা হয়েছে। কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে আজ আনারস উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাষ্ট্রপতির হাত ধরে আনারসকে ত্রিপুরার রাজ্যিক ফল হিসেবে ঘোষণা করা হয়েছিল। রাজ্যে মূলত কিউ ও ক্যুইন দুই ভ্যারাইটির আনারস উৎপাদন হয়। যা স্বাদে ও গন্ধে অতুলনীয়। রাজ্যে বর্তমানে ৩ লক্ষ ৬৫ কানিতে ফল চাষ হয়। তার মধ্যে কিউ ভ্যারাইটির আনারস উৎপাদন হয় ৫৩ হাজার ৭০০ কানিতে ও ক্যুইন ভ্যারাইটির আনারস উৎপাদন হয় ২২ হাজার কানিতে। এই উৎসবের উদ্দেশ্য হল আনারসের প্রসার ও

জনপ্রিয় করা। ভূমি সংরক্ষণ ও উদ্যান পালন দপ্তরের উদ্যোগে এবং ইয়ং ডার্লিং এসোসিয়েশনের সহযোগিতায় আয়োজিত এই উৎসবে ঊনকোটি, ধলাই ও উত্তর ত্রিপুরা জেলার আনারস চাষের সঙ্গে যুক্ত কৃষকদের উৎপাদিত ফসল ও আনারসের প্রক্রিয়াজাত পন্য বিক্রয়ের জন্য ২৬টি স্টল খোলা হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, বিধায়ক ভগবান চন্দ্র দাস, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস প্রমুখ।

*****************************

**Suklachoron Noatia :**

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেছেন ত্রিপুরায় সুস্থায়ী কৃষি উন্নয়ন এবং গ্রামীণ সমৃদ্ধি বৃদ্ধিতে জাতীয় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আজ আগরতলায় নাবার্ডের ৪৪তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মন্ত্রী শ্রী নোয়াতিয়া বলেন ত্রিপুরার উন্নয়নের জন্য নাবার্ডের ঋণ পরিকল্পনা এবং সুবিধা প্রদান, গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল, স্বনির্ভর গোষ্ঠী এবং ক্ষুদ্র ঋণকে সমর্থন করা, জনজাতি উন্নয়ন প্রকল্প ইত্যাদি কর্মসূচিগুলিতে সাহায্য করেছে।

*****************************

**Lok Adalat :**

আগরতলা আদালত চত্বরে আজ বিশেষ লোক আদালত অনুষ্ঠিত হয়। পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষ জানিয়েছে, এই লোক আদালতে ৩৯২২টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। এরমধ্যে ৩৭৯৯টি মামলার নিষ্পত্তি হয়েছে। বেশিরভাগ মামলা ছিল মোটর ভ্যাহিকাল অ্যাক্ট সংক্রান্ত। পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষের সচিব অমরজিৎ দে জানান, আগামী সেপ্টেম্বরে মাসে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে।

*******************************

**Minister Tinku Roy :**

যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের শ্রীরামপুর স্বামী বিবেকানন্দ ভবনে "বেটি বাঁচাও বেটি পড়াও শীর্ষক সচেতনতামূলক কর্মশালার উদ্বোধন করেন। পাশাপাশি ক্রীড়া দপ্তরের উদ্যোগে ক্রীড়াক্ষেত্রে বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান হয়। উদ্বোধকের ভাষনে তিনি বলেন, বেটি বাঁচাও বেটি পড়াও একটি সংকল্প। ১৮ বছরের আগে কোন মেয়ের যেন বিয়ে না দেওয়া হয়।

**************************

**Health–Teliamura :**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে জানানো হয়েছে, তেলিয়ামুড়া মহকুমার অন্তর্গত মুঙ্গিয়াকামী ব্লকের কিছু প্রত্যন্ত ও দূরবর্তী অঞ্চলে ম্যালেরিয়া এবং ডায়ারিয়ার প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এই পরিস্থিতি মোকাবিলায় আক্রান্ত এলাকাগুলোতে ডায়ারিয়া ও ম্যালেরিয়া নিয়ন্ত্রণে সব ধরনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ইতিমধ্যেই সংশ্লিষ্ট এলাকার স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলোকে নিয়মিত স্বাস্থ্য শিবিরের আযোজন করে ম্যালেরিয়া ও ডায়ারিয়া প্রতিরোধে কার্যকর ভূমিকা গ্রহণ করার জন্য নির্দেশ জারি করা হয়েছে। বর্তমানে "স্টপ ডায়রিয়া ক্যাম্পেইন ২০২৫" নামে একটি বিশেষ কর্মসূচি চলছে। এই ক্যাম্পেইনটি ১৬ই জুন থেকে শুরু হয়েছে এবং আগামী ৩১শে জুলাই পর্যন্ত চলবে।

নোনাছড়া, ৩৭ মাইল, ৪৩ মাইল, পূর্ব লক্ষ্মীপুর, হাজারা পাড়া এবং হলুদিয়া ইত্যাদি এলাকার মোট ৬টি স্থানে ম্যালেরিয়া স্ক্রিনিং করা হয়েছে। প্রত্যন্ত অঞ্চলগুলিতে চিকিৎসক সহ স্বাস্থ্যকর্মীরা নিরন্তরভাবে স্বাস্থ্য পরিষেবা প্রদান করে চলেছেন।

**************************

**Tourism Minister :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরহিত্যে আজ জিরানীয়ার মাধববাড়িতে ইন্টার স্টেট ট্রাক টার্মিনালের ডেভেলপমেন্ট সোসাইটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় তিনি টার্মিনালের কার্যক্রম আরোও সুচারুভাবে পরিচালনার উপর গুরুত্বারোপ করেন। উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, রানীরবাজার পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন প্রবীণ কুমার দাস প্রমুখ।

****************************

**Janatar Darbar :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ তাঁর সরকারি বাসভবনে জনতার দরবারে জনগণের সঙ্গে মিলিত হন। সাক্ষাৎকালে তিনি মজলিশপুর বিধানসভা কেন্দ্র সহ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত মানুষের অভাব-অভিযোগ ও বিভিন্ন সমস্যার কথা শোনেন এবং সমাধানের আশ্বাস দেন।

*************************

**Accident :**

মেলাঘর থানাধীন পোয়াংবাড়ি এলাকায় সোনামুড়া-আগরতলা সড়কে আজ বালু বোঝাই লরির চাকায় পিষ্ট হয়ে রাজেশ দাস নামে ১১ বছরের এক শিশুর মৃত্যু হয়। মেলাঘর থানার ও.সি দেবাশীষ সাহা জানিয়েছেন, শিশুটি বিয়ে বাড়ির অনুষ্ঠান থেকে নিজ বাড়িতে আসার উদ্দেশ্যে রাস্তা অতিক্রম করার সময় এই মর্মান্তিক ঘটনাটি ঘটে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-

আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**Rojgar Mela :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে, রোজগার মেলা যুবসমাজের ক্ষমতায়ন এবং তাদের বিকশিত ভারত গঠনে অনুঘটক হিসেবে গড়ে তোলার সরকারের প্রতিশ্রুতি প্রতিফলিত করে। তিনি বলেন, আজ বিশ্ব স্বীকার করে যে ভারতের দুটি অসীম শক্তি রয়েছে, একটি হলো জনসংখ্যা এবং অন্যটি গণতন্ত্র। আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন সরকারি দপ্তরে নবনিযুক্ত ৫১ হাজারেরও বেশি যুবক-যুবতীকে নিয়োগপত্র বিতরণ করে, ষোড়শ রোজগার মেলায় প্রধানমন্ত্রী একথা বলেন।

নতুন নিয়োগপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে শ্রী মোদী বলেন, সরকারের রোজগার মেলা উদ্যোগের মাধ্যমে লক্ষ লক্ষ যুবক ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের স্থায়ী চাকরি পেয়েছেন। তিনি আরও বলেন যে, এই তরুণরা এখন জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন।

#######Byte-PM######

শ্রী মোদী দেশে স্টার্টআপ, উদ্ভাবন এবং গবেষণার ক্রমবর্ধমান বাস্তুতন্ত্রের উপর জোর দিয়ে বলেন, এটি দেশের যুবসমাজের সক্ষমতা বৃদ্ধি করছে। বেসরকারি ক্ষেত্রে নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরিতে সরকারের মনোযোগের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে সরকার সম্প্রতি একটি নতুন প্রকল্প, কর্মসংস্থান-সংযুক্ত প্রণোদনা প্রকল্প অনুমোদন করেছে। তিনি বলেন যে, এই উদ্যোগের জন্য সরকার প্রায় ১ লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে এবং এই প্রকল্পটি প্রায় তিন কোটি কর্মসংস্থান তৈরিতে সহায়তা করবে।

প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে দেশ প্রতিরক্ষা উৎপাদনে নতুন রেকর্ড স্থাপন করেছে এবং  ভারতের প্রতিরক্ষা উৎপাদন ১.২৫ লক্ষ কোটি টাকা ছাড়িয়ে গেছে। আজ সারা দেশে ৪৭টি স্থানে রোজগার মেলা অনুষ্ঠিত হয়েছে।

রোজগার মেলায় ভাষণ দিতে গিয়ে কর্মী ও প্রশিক্ষণ বিভাগের প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিং বলেন যে মেলার আওতায়, চল্লিশ হাজারেরও বেশি নিয়োগপ্রাপ্ত রেল মন্ত্রণালয়ে কাজ করবেন।

তিনি বলেন যে, প্রত্যেক নিযুক্ত ব্যক্তি কর্মযোগী পোর্টালেও প্রবেশাধিকার পাবেন, যার লক্ষ্য হলো প্রশিক্ষণ ও উন্নয়ন কর্মসূচির মাধ্যমে তাদের দক্ষতা বৃদ্ধি করা। শ্রী সিং রোজগার মেলার মাধ্যমে ত্রিপুরা সহ বিভিন্ন রাজ্যের নিয়োগের পরিসংখ্যানও তুলে ধরেন।

######Byte-Jitendra Singh######

******************************

**AAIB :**

গত মাসের ১২ তারিখে আহমেদাবাদে এয়ার ইন্ডিয়ার ইন্ডিয়ার ফ্লাইট AI 171 এবং বোয়িং 787-8 বিমান দুর্ঘটনার তদন্তের প্রাথমিক প্রতিবেদন প্রকাশ করেছে বিমান দুর্ঘটনা তদন্ত ব্যুরো AAIB। এই প্রতিবেদনে যে বিমানের ইঞ্জিনের জ্বালানি সরবরাহ বন্ধ হয়ে গিয়েছিল।

আরো বলা হয়েছে, উড়ানের কয়েক সেকেন্ডের মধ্যেই, বিমানের উভয় ইঞ্জিন জ্বালানি নিয়ন্ত্রণ সুইচ 'RUN' থেকে 'CUTOFF' অবস্থানে একের পর এক স্থানান্তরিত হয় এবং বন্ধ হয়ে যায়, যার ফলে ভয়াবহ বিমান দুর্ঘটনা ঘটে। প্রাথমিক তদন্ত প্রতিবেদন অনুসারে, ককপিট ভয়েস রেকর্ডারে একজন পাইলটকে অন্যজনকে জিজ্ঞাসা করতে শোনা যাচ্ছে যে তিনি কেন ইঞ্জিনে জ্বালানি সরবরাহ বন্ধ করে দিয়েছেন, যার জবাবে অন্য পাইলট বলেন যে তিনি তা করেননি।

AAIB জানিয়েছে, পরে জ্বালানি নিয়ন্ত্রণ সুইচগুলি চালু করা হয়েছিল কিন্তু ক্রমে ইঞ্জিন বন্ধ হয়ে যায়। প্রতিবেদন অনুসারে, উড্ডয়ন এবং বিধ্বস্ত

হওয়ার মধ্যে প্রায় ৩০ সেকেন্ড সময় লেগেছিল। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে উড্ডয়নের আগে উভয় পাইলটই পর্যাপ্ত বিশ্রাম নিয়েছিলেন। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে তদন্তের এই পর্যায়ে বোয়িং ৭৮৭-৮ এবং জিইএনএক্স-১বি ইঞ্জিন অপারেটরদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ নেওয়ার সুপারিশ করা হয়নি।

***************************

**Prasar Bharati :**

প্রসার ভারতী এবং হ্যান্ডবল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া সমস্ত জাতীয় ও আন্তর্জাতিক হ্যান্ডবল ইভেন্ট পরিকল্পনা এবং সম্প্রচারের জন্য তিন বছরের একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করেছে। এই ইভেন্টগুলি ডিডি স্পোর্টস, ওয়েভস ওটিটি এবং অন্যান্য প্রসার ভারতী প্ল্যাটফর্মে সম্প্রচারিত হবে। প্রসার ভারতীর প্রধান নির্বাহী কর্মকর্তা গৌরব দ্বিবেদী এবং হ্যান্ডবল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার নির্বাহী পরিচালক আনন্দেশ্বর পান্ডে আনুষ্ঠানিকভাবে চুক্তিটি বিনিময় করেন। অনুষ্ঠানে প্রসার ভারতীর চেয়ারম্যান নবনীত কুমার সেহগাল এই সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্দেশ্য ব্যাখ্যা করেন।

######Byte-Navneet Kumar Sehgal#######

*************************************

**Amarnath Yatra :**

নির্বিঘ্নে চলছে বার্ষিক অমরনাথ যাত্রা। আজ অমরনাথের উদ্দেশ্যে রওনা হয়েছে পুণ্যার্থীদের দশম দলটি। আজ ভোরে পহেলগামের নুনওয়ান বেস ক্যাম্প থেকে এই দলটি রওনা হয়েছে।

*****************************

**Lord's Test :**

লর্ডসে তৃতীয় টেস্টে ইংল্যান্ডের বিরুদ্ধে ভারত প্রথম ইনিংসে লড়াই করছে। আজ তৃতীয় দিনে শেষ খবর পর্যন্ত ভারত প্রথম ইনিংসে ৫ উইকেট হারিয়ে

২৮০ রান করে। লোকেশ রাহুল শতরান করেন। এর আগে ইংল্যান্ড প্রথম ইনিংসে ৩৮৭ রান করেছিল।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস।

****************************